দৈনিক ইত্তেফাক ৪/

তারিখ 02 AUG 1992
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ক্যাম্পাসে প্রচন্ড গোলাগুলী

ইত্তেফাক রিপোর্ট ।। ক্যাম্পাস পরিস্থিতি অপরিবর্তিত রহিয়াছে। গতকালও (শনিবার) ছাত্রলীগের (ম-ই) বিবদমান দুই গ্রুপের মধ্যে প্রচন্ড গোলাগুলী হয়। কেহ হতাহত হয় নাই। প্রত্যক্ষদর্শীরা জানায়, প্রায় এক ঘন্টাব্যাপী এই সন্ত্রাসী ঘটনায় উভয় গ্রুপের কর্মীরা শতাধিক রাউন্ড গুলী বিনিময় করে। গত কয়েকদিনের মধ্যে গতকালের এই ঘটনাই ছিল ভয়াবহ। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে কলাভবন এলাকায় ৩/৪ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। জানা যায়, শুক্রবার রাতে জহুরুল হক হল ছাত্র সংসদের জি,এস মাসুমকে লক্ষ্য করিয়া গুলী বর্ষণের ঘটনার প্রতিবাদে মন্টু সমর্থিত ছাত্রলীগ গতকাল সকাল সাড়ে ১১ টায় জহুরুল হক হল হইতে একটি মিছিল বাহির করে। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করিয়া অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সভায় মিলিত হয়। এই সময় জগন্নাথ হল হইতে ছাত্র লীগের (ম-ই) একটি মিছিল বাহির হইয়া টি,এস,সি এলাকা প্রদক্ষিণ শেষে কেন্দ্রীয় লাইব্রেরী চত্বরে পৌছিলে অপারেজয় বাংলার পাদদেশের ছাত্রসভায় আতংক দেখা দেয়। তড়িঘড়ি সভা (১৯শ পৃঃ দ্রঃ)

**ছাত্র সংঘর্ষ** (১ম পৃঃ পর)

অবস্থান ধর্মঘট করে। দুপুরের দিকে ছাত্রলীগ কর্মীরা (ম-ই) কলেজে প্রবেশ করিতে গেলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয় এবং বেশ কিছু সময় ধরিয়া ধাওয়া পাল্টা ধাওয়া চলিতে থাকে। পরে আবার ৩টায় ছাত্রাবাসে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয় এবং দুই দলই ব্যাপক বোমাবাজি করে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য ৭ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। সংঘর্ষে ৫ জন আহত হয়। তাহাদের প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হইয়াছে। কলেজে বিরাজমান উত্তেজনাকর পরিস্থিতির কারণে একাডেমিক কাউন্সিল এক জরুরী সভায় মিলিত হইয়া কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে এবং বিকাল ৫টার মধ্যে ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাস খালি করিতে নির্দেশ দেয়।